# Times Today BD

বিনোদন ডেস্ক | বিনোদন | 28 June, 2025

ফের সুসংবাদ দিলেন বলিউড অভিনেত্রী ইলিয়ানা ডি ক্রুজ। দ্বিতীয়বার মা হয়েছেন এই জনপ্রিয় অভিনেত্রী। সম্প্রতি সামাজিক মাধ্যমে সদ্যোজাত ছেলের ছবি শেয়ার করে ভক্তদের সঙ্গে আনন্দ ভাগ করে নিয়েছেন তিনি।

ভারতীয় গণমাধ্যমের খবরে জানা যায়, গত ১৯ জুন ইলিয়ানার কোলজুড়ে আসে দ্বিতীয় সন্তান। শনিবার (২৯ জুন) ইনস্টাগ্রামে ছেলের একটি ছবিও শেয়ার করেছেন তিনি। সেখানে দেখা যায়, সদ্যোজাতকে তোয়ালে দিয়ে মোড়ানো; মাথায় ছোট টুপি, ঘুমে আধবোজা চোখ।

ছবির ক্যাপশনে ইলিয়ানা লেখেন,

"কিয়েনু রেফ ডোলানের সঙ্গে পরিচয় করিয়ে দিচ্ছি।"

প্রসঙ্গত, ইলিয়ানা ২০২৩ সালের মে মাসে মার্কিন নাগরিক মাইকেল ডোলানকে বিয়ে করেন। একই বছরের অগাস্টে প্রথম সন্তানের মা হন তিনি।বড় ছেলের নাম রেখেছেন কোয়া ফোনিক্স ডোলান।

নতুন অতিথিকে পেয়ে ইলিয়ানা ও মাইকেল উভয়েই ভীষণ উচ্ছ্বসিত বলে জানিয়েছেন। অনুরাগীরাও সামাজিক মাধ্যমে অভিনন্দন ও শুভকামনায় ভরিয়ে দিচ্ছেন এই তারকা দম্পতিকে।

ইলিয়ানা ডি ক্রুজ বলিউড ইনস্টাগ্রাম

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 23:32

URL: https://www.timestodaybd.com/entertainment/3863775807